

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৯৪৬

১/ বিবিধ

আরবী

رحم الله والدا أعان ولده على بره، قالوا: كيف يا رسول الله؟ قال: يقبل إحسانه،  
ويتجاوز عن إساءته  
ضعيف

أخرجه ابن وهب في " الجامع " (ص 21) قال: بلغني عن عطاء بن أبي رباح أن رسول الله صلى الله عليه وسلم قال: فذكره. قلت: وهذا إسناد ضعيف لإرساله وانقطاعه. وقد روي موصولاً، أخرجه أبو عبد الرحمن السلمي في " آداب الصحبة " (1 / 147) عن أحمد بن علي بن مهدي بن صدقة: حدثنا أبي حدثنا علي بن موسى الرضا عن أبيه عن جعفر ابن محمد عن أبيه عن علي رضي الله عنه مرفوعاً به، دون قوله: " قالوا ... ". وهذا إسناد واه جداً، ابن صدقة هذا أورده الذهبي، فقال: " عن أبيه عن علي بن موسى الرضا. وتلك نسخة مكذوبة، اتهمه الدارقطني بوضع الحديث، وما علمت للرضا شيئاً يصح عنه ". وأبو هـ علي بن مهدي بن صدقة، لم أعرفه، ولم يورده الذهبي ولا العسقلاني في كتابيهما. والحديث دون الزيادة قال العراقي في " تخريج الإحياء " (2 / 193) : رواه أبو الشيخ ابن حيان في " كتاب الثواب " من حديث علي بن أبي طالب وابن عمر بسند ضعيف، ورواه النوقاني من رواية الشعبي مرسلًا

বাংলা

১৯৪৬। আল্লাহ্ তা'আলা সেই পিতার প্রতি দয়া করুন যে তার সন্তানকে তার হকের ব্যাপারে সাহায্য করে। তারা

বললঃ হে আল্লাহর রসূল! তা কিভাবে? তিনি বললেনঃ সে (পিতা) তার সৎকর্মগুলোকে গ্রহণ করবে আর অসৎকর্মগুলোকে এড়িয়ে যাবে।

হাদীসটি দুর্বল।

এটিকে ইবনু ওয়াহাব “আলজামে” গ্রন্থে (পৃঃ ২১) উল্লেখ করে বলেছেনঃ আমার নিকট আতা ইবনু আবী রাবাহ হতে পৌছেছে যে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল, মুরসাল এবং সনদে বিচ্ছিন্নতার কারণে।

মওসূল হিসেবেও বর্ণনা করা হয়েছে। এটিকে আবু আব্দুর রহমান সুলামী “আদাবুস সুহবাহ” গ্রন্থে (১/১৪৭) আহমাদ ইবনু আলী ইবনু মাহদী ইবনু সাদাকাহ হতে, তিনি তার পিতা হতে, তিনি আলী ইবনু মূসা রিয়া হতে, তিনি তার পিতা হতে, তিনি জা’ফার ইবনু মুহাম্মাদ হতে, তিনি তার পিতা হতে, তিনি আলী (রাঃ) হতে মারফু’ হিসেবে বর্ণনা করেছেন। তবে (... قالوا) এ অংশ ছাড়া।

এ সনদটি খুবই দুর্বল। কারণ ইবনু সাদাকাকে হাফিয় যাহাবী উল্লেখ করে বলেছেনঃ তিনি তার পিতা হতে, তিনি আলী ইবনু মূসা রিয়া হতে বর্ণনা করেছেন। সেটি মিথ্যা কপি। দারাকুতনী তাকে হাদীস জাল করার দোষে দোষী করেছেন। আর আমি অবগত হইনি যে, রিয়া হতে কোন কিছু সহীহ হিসেবে বর্ণিত হয়েছে।

আর তার পিতা আলী ইবনু মাহদী ইবনু সাদাকাকে আমি চিনি না। হাফিয় যাহাবী এবং ইবনু হাজার তাদের দু’কিতাবের মধ্যে তাকে উল্লেখ করেননি।

বৃদ্ধিকৃত অংশ ছাড়া হাদীসটি সম্পর্কে হাফিয় ইরাকী “তাখরীজুল ইহইয়া” গ্রন্থে (২/১৯৩) বলেনঃ এটিকে আবু শাইখ ইবনু হিব্বান “কিতাবুস সাওয়াব” গ্রন্থে আলী ইবনু আবী তালেব এবং আব্দুল্লাহ ইবনু উমার (রাঃ)-এর হাদীস হতে দুর্বল সনদে বর্ণনা করেছেন। আর শা’বীর বর্ণনা হতে নাওকানী মুরসাল হিসেবে বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72829>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন